

মুদগরের পুত্র দিল গোলোক গৌসাই।  
যশোবন্ত ঠাকুরের আজ হ'ল তাই।।



## রাখে কৃষ্ণ মারে কে? অম্বরীষ পুত্র

আর সাধু বলে 'শুন বৈষ্ণবের গণ।  
কৃষ্ণলীলা সুধাধার মধুর বর্ষণ।।  
অম্বরীষ গৃহে ছিল একটি নন্দন।  
দশবর্ষ পরমায়ু ছিল নিরুদপণ।।  
সংক্ষেপে বলি এবে তার বিবরণ।  
সুতিকা আগারে যবে ছিল সে নন্দন।।  
অদৃষ্ট লিখন যবে লেখে পদ্মাসন।  
দাসী গিয়া ধরিল সে বিধির চরণ।।  
দাসী বলে 'ওহে বিধি কি লিখিয়া যাও?  
বালকের আয়ু কত মম ঠাঁই কও'।।  
অনেক স্তবেতে বিধি সন্তুষ্ট হইল।  
'দশবর্ষ পরমায়ু দাসীকে বলিল।।  
দাসী জানাইল রাজরাণীর গোচরে।  
রাণী জানাইল তাহা মহারাজ তরে।।  
অল্প আয়ু জানি নাহি দিল লিখিবার।  
মনে মনে চিন্তা করে রাজার কুমার।।  
ভাবে আমি রাজকুলে একটি কুমার।  
পিতা না করেন যত্ন মোরে লেখিবার।।  
রাজপুত্র জিজ্ঞাসিল পিতৃদেব-স্থলে।  
কেন পিতা মোরে নাহি দেন পাঠাশালে?  
রাজা বলিলেন সেই বালকের ঠাঁই।  
'দশ বর্ষ আয়ু বাছা! লেখাব কি ছাঁই?  
দশবর্ষ পরমায়ু তোমার যে ছিল।  
নয়বর্ষ তাই তার গত হয়ে গেল।।  
রাজপুত্র বলে 'পিতা আর শুনিব কি?  
এখনো তো মরণের একবর্ষ বাকি?'

এই ভিক্ষা চাই পিতা আমি যদি মরি।  
একবর্ষ প্রজা ল'য়ে বলি হরি হরি।।  
খেতে দিবে প্রজাগণে না লইবে কর।  
এই ভিক্ষা চাই পিতা একটি বৎসর।।  
স্বীকার করিল রাজা আনন্দ অন্তরে।  
প্রজাবর্গ ল'য়ে শিশু হরিনাম করে।।  
মরণের কাল তার হইল যখন।  
তাহাকে লইতে এল রবির নন্দন।।  
হরি-ভক্ত শিশু নিতে যম উপস্থিত।  
ভক্তবৎসল হরি অন্তরে দুঃখিত।।  
হরি এসে বালকেরে করিলেন কোলে।  
মুখ দেখি কমলাখি ভাসে আঁখি জলে।।  
শমন বলেন 'হরি কা'রে কর কোলে?  
আয়ু শেষ ফেলে দেও ল'য়ে যাই চলে'।।  
হরি কন 'শেষে এ বালকে ল'য়ে যাও।  
অগ্রহেতে তলব খাতা আমাকে দেখাও'।।  
শমন তলব খাতা হরিকে দেখায়।  
দশবর্ষ আয়ু দেখে কাঁদে দয়াময়।।  
কৃষ্ণের নয়ন কোণে কজ্জল যে ছিল।  
নয়নের জলে তাহা গলিত হইল।।  
সেই ত্রিভঙ্গের ভঙ্গী কেবা তাহা জানে?  
কজ্জলাক্ত অশ্রু পড়ে আয়ুর দক্ষিণে।।  
হরি কন শতবর্ষ পরমায়ু দেখি।  
যম 'বলে তবে চিত্রগুপ্ত বলিল কি?  
চিত্রগুপ্ত হাতে নিয়া দেখে সেই খাতা।  
ত্রৈলোক্যেতে কল্পিত গুপ্ত ঝাঁকি দিল মাথা।।  
চিত্রগুপ্ত কর্ণেতে লেখার তুলী ছিল।  
আয়ুর দক্ষিণে মসি দুই বিন্দু প'ল?  
দুই শূন্য শতাব্দের দক্ষিণে পতন।।  
অযুত বৎসর আয়ু পাইল নন্দন।।  
হরিলীলামৃত কথা অমৃত সমান।  
তারক কহিছে সাধু সুখে কর পান।।

